দ্বিতীয় পরিচ্ছেদ : তথ্যসূত্র

১। মূসক আইনের ধারা : ৪৬, ৭১কক, ৭১খ, ৭১গ।

২। এসআরও, আদেশ ও পত্রাবলি

১৮.১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
প্রজ্ঞাপন
ঢাকা, ২৮ জ্যৈষ্ঠ, ১৪০৫/১১ জুন, ১৯৯৮

এসআরও নং-১১৭-আইন/৯৮/১৭৮-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৪৬(২) এর সহিত পঠিতব্য ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল, যথা :

১। সংক্ষিপ্ত শিরোনামা।- এই বিধিমালা মূল্য সংযোজন কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) 'আইন' অর্থ, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) 'একাডেমি' অর্থ শুল্ক, আবগারি ও মূল্য সংযোজন কর প্রশিক্ষণ একাডেমি, চট্টগ্রাম;

(গ) 'পরামর্শক' অর্থ এই বিধিমালার অধীনে লাইসেন্সপ্রাপ্ত মূল্য সংযোজন কর পরামর্শক;

(ঘ) 'লাইসেন্স' অর্থ এই বিধিমালার অধীনে লাইসেন্সপ্রাপ্ত মূল্য সংযোজন কর পরামর্শক;

(ঙ) 'বোর্ড' বলিতে, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোনো কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। লাইসেন্সের জন্য আবেদন।- (১) বিধি ৪ এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন যে কোনো ব্যক্তি লাইসেন্সের জন্য বৎসরের যে কোনো সময় এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম-ক তে বোর্ডের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উক্ত আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করিতে হইবে, যথা :

(ক) আবেদনকারীর দুই কপি পাসপোর্ট সাইজের ছবি;

(খ) শিক্ষাগতযোগ্যতা এবং প্রযোজ্য ক্ষেত্রে, অভিজ্ঞতার সমর্থনকারী সনদ বা অন্যান্য কাগজপত্রের সত্যায়িত অনুলিপি;

(গ) আবেদনকারী যে ইউনিয়ন বা পৌর এলাকার উহার চেয়ারম্যান বা প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক নাগরিকত্বের সনদ;

(ঘ) বোর্ড কর্তৃক নির্ধারিত অংকের পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৪। আবেদনকারীর লাইসেন্সপ্রাপ্তির যোগ্যতা ও অযোগ্যতা।- (১) লাইসেন্সপ্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতাসমূহ থাকিতে হইবে, যথা :

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে;

(খ) আবেদনকারীর বয়স আবেদনের তারিখে অন্ততঃ পঁচিশ বৎসর হইতে হইবে;

[১][(গ) আবেদনকারীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রিধারী, অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে উত্তীর্ণ চার্টার্ড একাউন্টেন্ট বা কস্ট একাউন্টেন্ট, অথবা শুল্ক ও আবগারি বিভাগে সুপারিনটেনডেন্ট বা তদূর্ধ্ব যেকোনো পদে চাকুরিসহ একই বিভাগে অন্যূন পনের বৎসরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে ।]

(২) নিম্নবর্ণিত কোনো ব্যক্তি লাইসেন্স পাওয়ার জন্য অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা :

(ক) সরকার বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত বা [১][বিভাগীয় মামলার মাধ্যমে চাকুরি হইতে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত, অপসারিত বা বরখাস্তকৃত] কোনো ব্যক্তি;

(খ) এই বিধিমালার অধীনে ইতিপূর্বে যাহার লাইসেন্স বাতিল করা হইয়াছে এমন কোনো ব্যক্তি ।

৫ । লাইসেন্স প্রদানের নিমিত্তে পরীক্ষা গ্রহণ ।- (১) [২,১][শুল্ক ও আবগারি বিভাগে সুপারিনটেনডেন্ট বা তদূর্ধ্ব যে কোনো পদে চাকুরিসহ একই বিভাগে অন্যূন পনের বৎসরের চাকুরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী] ব্যতীত বিধি ৪ এর উপ-বিধি (১) অনুসারে যোগ্য সকল আবেদনকারীকে] নিম্নলিখিত বিষয়সমূহের ওপর, উহাদের ডান পার্শ্বে বর্ণিত পূর্ণ নম্বর অনুযায়ী, ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে :

(ক)	মূল্য সংযোজন কর আইন, ১৯৯১	৬০
(খ)	মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১	
(গ)	মূল্য সংযোজন কর সংক্রান্ত প্রজ্ঞাপন ও আদেশসমূহ	
(গ)*	Customs Act, 1969	২০
(ঘ)	আমদানি নীতি আদেশ (যখনই যেই আদেশ বলবৎ থাকিবে)	২০
(ঙ)	রপ্তানি নীতি আদেশ (যখনই যেই আদেশ বলবৎ থাকিবে)	
(চ)	The Foreign Exchange Regulation Act, 1947	
(ছ)	The Imports and Exports (Control) Act, 1950	

(২) বোর্ডের নির্দেশনা অনুযায়ী উপরিউক্ত সিলেবাসের ভিত্তিতে একাডেমি লিখিত পরীক্ষা এবং ১০০ নম্বরের মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে এবং পরীক্ষা সংশ্লিষ্ট যাবতীয় কার্যাদি সম্পাদন করিবে; লিখিত ও মৌখিক পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০ শতাংশ নম্বর না পাইলে কোনো আবেদনকারী লাইসেন্স পাইবার জন্য যোগ্য বিবেচিত হইবে না ।

(৩) একাডেমি হইতে পরীক্ষার ফলাফল পাওয়ার পরে বোর্ড নির্বাচিত আবেদনকারীদের নাম বিজ্ঞাপিত করিবে এবং তাহা পত্রযোগে সংশ্লিষ্ট আবেদনকারীদেরও জানাইবে ।

৬ । লাইসেন্স প্রদান ও নবায়ন ।- (১) বোর্ড তৎকর্তৃক নির্ধারিত ফরমে নির্বাচিত আবেদনকারীকে একটি লাইসেন্স প্রদান করিবে ।

(২) লাইসেন্স প্রদানের তারিখ হইতে উহা তিন বৎসর বলবৎ থাকিবে এবং উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে বা মেয়াদ শেষ হওয়ার পরে ত্রিশ দিনের মধ্যে নবায়নের জন্য আবেদন করা হইলে বোর্ড উহা নবায়ন করিতে পারিবে ।

[১] মূসক এসআরও নং ৪৯৭, তারিখ : ২৯/০৬/২০০৮

[২] মূসক এসআরও নং ২৪৫, তারিখ : ১২/০৯/১৯৯৯

১৮.৩ । **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[আয়কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ১৪ই ভাদ্র, ১৪০৮/২৯ আগস্ট, ২০০১

এসআরও নং-২৪৫-আইন/২০০১-Imcome Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উহার কোনো কর্মকর্তা বা কর্মচারী কর্তৃক সরকারি কাজে প্রশংসনীয় অবদান রাখিবার স্বীকৃতিস্বরূপ প্রাপ্য কোনো আর্থিক পুরস্কারের আয়কে কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল ।

২ । এই প্রজ্ঞাপন ২০০১-২০০২ কর বর্ষ (assessment year) হইতে কার্যকর হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ দেলোয়ার হোসেন

উৎস: বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, ৩০ আগস্ট, ২০০১; পৃ.৪৫৬৭ । অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

১৮.৪ । **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

[মূল্য সংযোজন কর]

সাধারণ আদেশ নং-০৭/মূসক/৯৯ তারিখ : ২২/০৪/১৯৯৯

বিষয় : মূল্য সংযোজন কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮ এর অধীনে কর পরামর্শক নিয়োগ পদ্ধতি ।

জাতীয় রাজস্ব বোর্ড **কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮,** তারিখ : ১১/০৬/১৯৯৮ইং এর বিধান অনুযায়ী কর পরামর্শক নিয়োগের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করছেঃ

(১) কর পরামর্শক (লাইসেন্স) এর জন্য বোর্ডে আবেদনপত্র দাখিলের সময় বিধিতে বর্ণিত প্রয়োজনীয় কাগজাদি ও দলিলাদির সাথে ৫০০/- টাকার পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে ।

(২) জাতীয় রাজস্ব বোর্ড কর পরামর্শক (লাইসেন্স) নিয়োগের লক্ষ্যে সেপ্টেম্বর মাসে পত্রিকায় বিজ্ঞপ্তি জারি করবে । উক্ত বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আবেদনপত্র গ্রহণের তারিখ ৩০শে অক্টোবর পর্যন্ত বহাল থাকবে । বোর্ডে আবেদনপত্র জমা দেয়ার সময় তা বিধিতে বর্ণিত শর্তাদি অনুযায়ী যাচাই-বাছাই করে সঠিক পাওয়া গেলে শাখায় রক্ষিত রেজিস্টারে ক্রমিক নং অনুসারে এন্ট্রি করা হবে । আবেদনকারীকে 'ফরম-ক' অনুযায়ী একটি রসিদ দেয়া হবে । উক্ত রসিদটি আবেদনকারীর পরীক্ষার প্রবেশপত্র এবং রসিদে উল্লিখিত ক্রমিক নম্বরটি তার রোল নম্বর হিসেবে বিবেচিত হবে । অতঃপর পরীক্ষা গ্রহণের প্রস্তুতি নেয়ার জন্য বোর্ডে গৃহীত আবেদনপত্রের মোট সংখ্যা ও তথ্যাদি শুল্ক, আবগারি ও মূসক প্রশিক্ষণ একাডেমিকে জানিয়ে দেয়া হবে ।

(৩) বিধিতে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণ একাডেমি তাদের প্রণীত প্রশ্নের ভিত্তিতে ১লা ডিসেম্বর হতে ১৫ই ডিসেম্বর পর্যন্ত সময়ের মধ্যে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ কার্যক্রম সম্পন্ন করবে। এক্ষেত্রে, একাডেমির যুগ্ম-পরিচালক, একজন সহকারী/ডেপুটি পরিচালক এবং বোর্ডের সংশ্লিষ্ট দ্বিতীয় সচিব এর সমন্বয়ে মৌখিক (ভাইভা) বোর্ড গঠিত হবে । পরীক্ষার চূড়ান্ত ফলাফল জানুয়ারির ১৫ তারিখের মধ্যে অবশ্যই বোর্ডে পাঠাতে হবে ।

(৪) প্রশিক্ষণ একাডেমি থেকে প্রাপ্ত চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে ১ (এক) সপ্তাহের মধ্যে ফলাফল ঘোষণা করে বোর্ড বিজ্ঞপ্তি জারি করবে।

(৫) অতঃপর 'ফরম-খ' অনুযায়ী বোর্ডের সংশ্লিষ্ট শাখার দ্বিতীয় সচিব নির্বাচিত আবেদনকারীকে লাইসেন্স প্রদান করবেন। লাইসেন্সীর ফটো লাইসেন্স প্রদানকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হবে। লাইসেন্সী কর্মকর্তার সামনে নমুনা স্বাক্ষর দিয়ে মূল্য লাইসেন্স গ্রহণ করবেন। লাইসেন্সী এই বিধিমালার অনুচ্ছেদ ৬ অনুযায়ী ১টি অঙ্গীকারনামা/শপথনামা মূল লাইসেন্স গ্রহণের সময় প্রদান করবেন।

(৬) লাইসেন্স নবায়নের জন্য বিধিতে বর্ণিত পদ্ধতি অনুযায়ী ২০০/- টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডারসহ মূল লাইসেন্স বোর্ডে জমা দিতে হবে। বোর্ড লাইসেন্সীকে 'ফরম-গ' অনুযায়ী একটি রসিদ প্রদান করবেন যা দ্বারা উপ-বিধি (৪) অনুসারে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত পরামর্শক তার কাজ চালিয়ে যাবেন।

ফরম-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
আবেদনপত্রের ক্রমিক নম্বর :
(দ্রঃ সাধারণ আদেশ নং-০৭/মূসক/৯৯, তাংরিখঃ ২২/০৪/৯৯)

বিষয়ঃ মূল্য সংযোজন কর পরামর্শক নিয়োগ তারিখ :

নাম :

পিতার নাম :

ঠিকানা :

গৃহীত আবেদনপত্রের ক্রমিক নম্বর :

দ্বিতীয় সচিব
মূসক [পরামর্শক লাইসেন্স]

ফরম-খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
লাইসেন্স
(দ্রঃ সাধারণ আদেশ নং-০৭/মূসক/৯৯, তারিখঃ ২২/০৪/৯৯)

পাসপোর্ট সাইজ ফটো

নথি নং-৭(১) মূসক [গণ শিক্ষাঃ প্রশি]/লাইসেন্স/৯৯ তারিখঃ

জনাব/বেগমঃ..

পিতা :

ঠিকানা :

কে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৪৬(২) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং মূল্য সংযোজন কর পরামর্শক (লাইসেন্স) বিধিমালা, ১৯৯৮ এর বিধান মতে একজন মূল্য সংযোজন কর পরামর্শক হিসেবে জাতীয় রাজস্ব বোর্ডে তালিকাভুক্ত করা হয়েছে।

০২। তার তালিকাভুক্তির ক্রমিক সংখ্যা ....

০৩। লাইসেন্সীর স্বাক্ষর :

দ্বিতীয় সচিব
মূসক [প্রশি: ও নিবন্ধন]

ফরম-গ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

লাইসেন্স নবায়নের জন্য প্রদেয় রসিদ
(দ্র: সাধারণ আদেশ নং-৭/মূসক/৯৯, তারিখ : ২২/০৪/৯৯)

বিষয় : মূল্য সংযোজন কর পরামর্শক লাইসেন্স নবায়ন **তারিখ :**

নাম :
পিতার নাম :
ঠিকানা :
লাইসেন্স নম্বর ও ইস্যুর তারিখ :
নবায়নের জন্য জমাদানের তারিখ :

দ্বিতীয় সচিব
মূসক [পরামর্শক লাইসেন্স]

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(মোবারা খানম)
দ্বিতীয় সচিব (মূসক: প্রশিক্ষণ ও নিবন্ধন)

উৎস : মূল কপি।

১৮.৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শাখা-৩ (শুল্ক)
অফিস স্মারক

নং-অম/অসবি-৩/শুল্ক-১৫/২০০৫/৩৪৩ তারিখ : ২২/০৮/২০০৫

বিষয় : সর্বোচ্চ মূল্য সংযোজন কর পরিশোধকারী প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান নীতিমালা, ২০০৫ প্রণয়ন প্রসঙ্গে।

দেশের অর্থনৈতিক উন্নয়নে যথাসময়ে সঠিক কর আদায়ের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। সরকার ২০০৪-২০০৫ অর্থ বছর হতে মূল্য সংযোজন কর পরিশোধে উৎসাহ প্রদানের জন্য জেলাভিত্তিক সর্বোচ্চ কর পরিশোধকারী প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ